



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

মায়ের পাশে শায়িত

হলেন শিল্পী আইয়ুব বাচ্চু

চট্টগ্রাম- ২০ অক্টোবর-২০১৮ইংরেজী।

চট্টগ্রামের কৃতি সন্তান ব্যান্ড সংগীতের কিংবদন্তী আইয়ুব বাচ্চুর মরদেহ আজ শনিবার সকালে ১১ টায় ইউএস বাংলার একটি বিমানে করে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরে এসে পৌঁছায়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বিমান বন্দরে আইয়ুব বাচ্চুর মরদেহ গ্রহণ করেন। এরপর লাশ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মরদেহ বহনকারী গাড়িতে করে নগরীর পূর্ব মাদারাবাড়ি তার নানার বাড়িতে নিয়ে যাওয়া হয়। আইয়ুব বাচ্চুর কফিনটি ঢাকা ছিল কালো ব্যানারে। ‘তাতে লেখা ছিল কিংবদন্তির মৃত্যু নেই’। বিকেল ৩ টায় জমিয়তুল ফলাহ জাতীয় মসজিদ মাঠে নেয়া হয়। সেখানে বিকেল ৩ টা থেকে ৪ টা পর্যন্ত সর্বস্তরের জনসাধারণের শ্রদ্ধা নিবেদনের ব্যবস্থা করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। বিকেল ৩ টা থেকে ৪ টা পর্যন্ত শ্রদ্ধা জানায় সর্বস্তরের মানুষ। এসময় এক আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়। প্রিয় শিল্পীর লাশ দেখে অনেককে কাঁদতেও দেখা যায়। গুণী এ শিল্পীর প্রয়াহে পুরো চট্টগ্রাম জুড়ে শোকাবহ পরিবেশের সৃষ্টি হয়। এদিকে সকাল থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে জানাযার সংবাদ নগরবাসীকে জানাতে নগরজুড়ে মাইংকিং এর ব্যবস্থা করা হয়। জানাযা ও কফিন রাখার জন্য যাবতীয় সু-বন্দোবস্ত আগেই সম্পন্ন করে কর্পোরেশন। পূর্ব নির্ধারিত সকল কর্মসূচি বাদ দিয়ে লাশ গ্রহণ, দাফন-কাফনের ব্যবস্থা, জানাযার প্রস্তুতি সব কাজের তদারকি করেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ প্রসঙ্গে মেয়র বলেন, আইয়ুব বাচ্চু চট্টগ্রামের কৃতি সন্তান ও দেশের একজন গুণী শিল্পী। তাঁর এ অকাল প্রয়াণে আমরা চট্টগ্রামবাসী ও পুরো দেশ শোকে মুহ্যমান। এই গুণী শিল্পীকে যথাযথ মর্যাদা দেয়াটা নৈতিক দায়িত্ব মনে করেছি। তাই প্রয়াত এ শিল্পীর বিদায় বেলাটা যাতে সু সম্পন্ন করা যায় সে চেষ্টা ছিল আমার। বাদ আসর তাঁর নামাজে জানাযা অনুষ্ঠিত হয়। জানাযায় প্রায় লক্ষাধিক জনসাধারণ ও শিল্পীর ভক্ত অনুরাগী অংশ নেয়। জানাযায় ইমামতি করেন জমিয়তুল ফলাহ জাতীয় মসজিদের ইমাম আল্লামা সৈয়দ আবু তালেব মোহাম্মদ আলাউদ্দীন আল কাদেরী। নামাজে জানাযা শেষে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়। এরপর কিংবদন্তী আইয়ুব বাচ্চুর লাশ মরদেহ বহনকারী গাড়িতে করে নগরীর চৈতন্যগলি কবরস্থানে নেয়া হয়। সেখানে তার অন্তিম ইচ্ছানুযায়ী তার মায়ের পাশে গভীর শ্রদ্ধা ও নিরবতার সাথে শায়িত করা হয়। এদিকে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এক বিবৃতিতে ধর্মীয় গাভীর্য ও শান্তি শৃংখলার সাথে মরহুম আইয়ুব বাচ্চুর দাফন কার্যক্রম সম্পন্ন হওয়ায় নগরবাসীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। মেয়র মরহুমের আত্মার মাগফেরাত কামনা এবং পরিবার পরিজন সহ নিকটম আত্মীয় স্বজন যাতে এই শোক সহিবার ক্ষমতাদানে আল্লাহর কাছে দোয়া কামনা করেন।

বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনে

চসিক ও বিউবোর সমঝোতা

স্মারক চুক্তি আগামীকাল (রবিবার)

চট্টগ্রাম- ২০ অক্টোবর-২০১৮ইংরেজী।

বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাথে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড(বিউবো) এর মধ্যে আগামীকাল রবিবার সকাল সাড়ে ১০ টায় সিটি মেয়র কার্যালয়ে একটি সমঝোতা স্মারক চুক্তি(এমওইউ) স্বাক্ষরিত হবে। অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন ছাড়া সিটি কর্পোরেশন ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন